



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (উর্ধ্বী শাখা); ৬৫২৪৫ (উচ্চ মাধ্যমিক শাখা);
ফ্যাক্সঃ ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd



তারিখঃ ০৮/০৮/২০২০ খ্রি।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক শাখায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১. আবেদনের যোগ্যতা ও শাখা নির্বাচন -

১.১ ২০১৮, ২০১৯ ও ২০২০ সনে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে এস.এস.সি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী যাদের ন্যূনতম জিপিএঃ বিজ্ঞান-৫.০০, ব্যবসায় শিক্ষা-৪.০০ এবং মানবিক-৩.০০। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে বয়স হবে সর্বোচ্চ ২২ (বাইশ) বছর।

১.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা ১.১ এর অধীনে আবেদন করার যোগ্য বিবেচিত হবে।

১.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে :

ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।

খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।

গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

০২। আসন সংখ্যা-	ক) বিজ্ঞান	-৪৫০টি (পদ্মা, মেঘনা ও যমুনা শাখায়)
	খ) ব্যবসায় শিক্ষা	-৪৫০টি (পদ্মা, মেঘনা ও যমুনা শাখায়)
	গ) মানবিক	-৩০০টি (পদ্মা ও মেঘনা শাখায়)

০৩। ভর্তির আবেদন করার নিয়মাবলী-

ভর্তির জন্য অনলাইনে আবেদনের ঠিকানা www.xiclassadmission.gov.bd এর মাধ্যমে আবেদন করা যাবে।

০৪। ভর্তির কোটাঃ কলেজের মোট আসনের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে, যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে, তবে উপর্যুক্ত কোটায় প্রার্থী পাওয়া না গেলে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। প্রতিবন্ধী শিক্ষার্থী/ প্রবাসীদের সন্তান/ বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/ খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য (কলেজ নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে) বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

০৫। ভর্তির জন্য অনলাইন আবেদনপত্র গ্রহণের তারিখঃ ০৯/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০ পর্যন্ত।

(১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।)

০৬। প্রথম পর্যায়ে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ : ২৫/০৮/২০২০ তারিখ মঙ্গলবার
(কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd এ পাওয়া যাবে।)

০৭। ভর্তি ও ফি জমার শেষ তারিখঃ ১৩/০৯/২০২০ থেকে ১৫/০৯/২০২০

বিভাগওয়ারী ভর্তির শিডিউল পরবর্তীতে কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd এ জানানো হবে।

০৮। ২য় ও ৩য় পর্যায়ের আবেদনের বিষয়ে আন্তঃশিক্ষাবোর্ডের সাধারণ নির্দেশনা সংক্রান্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।

০৯। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী ও ক্লাস শুরু পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

অধ্যক্ষ ০৮/০৮/২০২০

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ